শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

রেজিস্ট্রার কার্যালয়

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর

ফোন:+88-0531-51135 ফ্যাক্স:+88-0531-61311 ইমেইল:registrar@hstu.ac.bd

স্মারক নং: হাবিপ্রবি/ সংস্থা/৮৬৯৩ **তারিখ:২৬-০৮-২০২১ খ্রী:**

বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীগণের অবগতি ও অংশগ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, ঐতিহাসিক মুজিব বর্ষে, স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী এবং জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে এ বিশ্ববিদ্যালয় কর্তৃক বঙ্গবন্ধুর গৌরবময় রাজনৈতিক জীবন বিষয়ে শিক্ষার্থীদের অংশগ্রহণে অনলাইনে আয়োজিত ৩টি রচনা ও ২টি কুইজ এবং শিশুদের অংশগ্রহণে চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী এবং সমাপনী অনুষ্ঠান "**অবিনশ্বর বঙ্গবন্ধু**" আগামি ২৯ আগস্ট ২০২১, রবিবার সন্ধ্যা ৭.০০ টায় ভার্চুয়াল মাধ্যমে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **কে এম খালিদ**, এমপি প্রধান অতিথি হিসেবে সংযুক্ত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন। বিশেষ অতিথি হিসেবে সংযুক্ত থাকবেন জনাব **মোঃ মেসবাহুল ইসলাম,** সম্মানিত সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং হাবিপ্রবির সম্মানিত ট্রেজারার **প্রফেসর ড. বিধান চন্দ্র হালদার**। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর **প্রফেসর ড. এম. কামরুজ্জামান।** উক্ত আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তাগণ এবং প্রতিযোগীদেরকে Zoom Platform এ সংযুক্ত থাকতে এবং শিক্ষার্থী ও কর্মচারীদেরকে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও প্রকাশনা শাখার ফেইসবুক পেইজে লাইভে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো। Zoom Link অনুষ্ঠানের পূর্বে সংশ্লিষ্ট সকলের ইমেইল এ পাঠানো হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

২৬/০৮/২০২১

(বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ডা: ফজলুল হক)
রেজিস্ট্রার

বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ডাঃ মোঃ ফজলুল হক
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দিনাজপুর-৫২০৫, বাংলাদেশ।